দৈনিক ইনকিলাব

তারিখ ··· JUN. 20 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

132

## শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করে শিক্ষার হার বাড়াতে হবে —স্বরাষ্ট্রমন্ত্রী

তথ্য বিবরণী ঃ স্বরাষ্ট্র, ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করতে হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করে দেশে শিক্ষার হার বাড়াতে হবে। সুশিক্ষিত ছাত্র সমাজ গড়া ছাড়া জাতীয় উন্নয়ন সম্ভব নয় বলে তিনি মত প্রকাশ করেন।

মন্ত্রী গতকাল বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট কেন্দ্রীয় ছাত্র সংসদের অভিষেক ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট অডিটরিয়ামে ইনস্টিটিউটের প্রিন্সিপাল প্রফেসর এম কিউ জামানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ডঃ আবদুর রাজ্জাক, বাংলাদেশ ছাত্র লীগের সভাপতি বাহাদুর বেপারী, সাধারণ সম্পাদক অজয় কর খোকন, সহ-সভাপতি গাজী মেসবাউল হোসেন সাচ্চু, বাংলাদেশ ছাত্র লীগের স্কুল ছাত্র বিষয়ক সম্পাদক কৃষিবিদ মশিউর রহমান হুমায়ন, বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট ছাত্র সংসদের নবনির্বাচিত ভিপি আজহারুল ইসলাম লিটন ও সাধারণ সম্পাদক দেওয়ান মাহবুবুর রহমান বাদল বক্তৃতা করেন।